# Times Today BD

কাজী শহিদুল্লাহ তনয় | ঢাকা | 08 May, 2025

আশুলিয়ায় পরিত্যক্ত অবস্থায় পিস্তল, গুলি ও ককটেল সহ বেশ কিছু দেশীয় অস্ত্র উদ্ধার করেছে পুলিশ।

বৃহস্পতিবার বিকেলে আশুলিয়ার জামগড়া এলাকার রুপায়ন মাঠ থেকে পরিত্যক্ত অবস্থায় এসব উদ্ধার করা হয়।

এবিষয়ে আশুলিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সোহরাব আল হোসাইন জানান, রুপায়ন মাঠ এলাকায় একটি বাউন্ডারির ভেতরে কৃষি কাজ করার সময় স্থানীয়রা দেশীয় অস্ত্র সহ একটি ব্যাগ দেখতে পায় এবং তারা পুলিশ করে খবর দেয়।

পরে পুলিশ ঘটনাস্থল থেকে একটি পিস্তল, দুইটি শিসার গুলি, বোমা সাদৃশ্য ৫ টি ককটেল ও দুইটি দেশীয় অস্ত্র উদ্ধার করে।

এঘটনায় কেউ গ্রেফতার হয়নি।তবে ঘটনায় জড়িতদের আইনের আওতায় আনার চেষ্টা চলছে বলে জানায় পুলিশ।

অস্ত্র উদ্ধার পিস্তল পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:20

URL: https://www.timestodaybd.com/dhaka/2155913413